

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৫৪ (ঐচ্ছিক)

বিষয় : সাহিত্য ও ইতিহাস : উনিশ শতক

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের। $10 \times 3 = 30$

- ১। কোনো সাহিত্যের ইতিহাসের যুগবিভাগ কীভাবে করা যেতে পারে? বাংলার ইতিহাস ও বাংলা সাহিত্যের ইতিহাস রচনা প্রসঙ্গে তুমি কী ধরনের যুগবিভাগ চাইবে? তোমার ভাবনা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।
- ২। আঠারো শতকের থেকে উনিশ শতকের বাংলার সামাজিক-সাংস্কৃতিক পরিবর্তনের প্রধান লক্ষণগুলি কী বলে তোমার মনে হয়? এই পরিবর্তনের পাশাপাশি এই ক্ষেত্রে কোনো ধারাবাহিকতা কি তুমি লক্ষ্য কর?
- ৩। 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধে চারিদিকের নানান মঙ্গলের ফিরিস্তি দিয়েও বঙ্কিমচন্দ্র সেই মঙ্গলের ঘটায় হুঁতুধ্বনিত গলা মেলাতে রাজি হননি। তাঁর এই অবস্থানটি বুঝিয়ে এ বিষয়ে মন্তব্য করো।

(2)

- ৪। বাংলার ইতিহাস নেই বলে আক্ষেপ ও ইতিহাস চাই বলে দাবি এবং সেইসঙ্গে উপন্যাস রচনায় রাজপুত ও মারাঠা ইতিহাসের প্রতি বাড়তি আগ্রহ — এই দুইয়ের সহাবস্থানকে তুমি কীভাবে দেখ? প্রাসঙ্গিক রচনার ভিত্তিতে তোমার ভাবনা প্রতিষ্ঠা করো।
- ৫। অতীত ইতিহাস ও সমকালীন রাজনৈতিক ঘটনা — এই দুই প্রসঙ্গে উনিশ শতকের বাঙালি চিন্তাবিদদের মনোভাবের পার্থক্য ও তার কারণ বিষয়ে তোমার মন্তব্যসহ আলোচনা করো।
- ৬। উনিশ শতকের বাংলা সাহিত্যে সমকালীন রাজনৈতিক ঘটনা বিষয়ে প্রতিক্রিয়ার বৈশিষ্ট্য ও কারণ বিষয়ে তোমার ভাবনা বুঝিয়ে দাও।
- ৭। উনিশ শতকের বাংলায় বাংলা সাহিত্যের ইতিহাস রচনার উদ্যোগগুলির মধ্যে কোনটি সবচেয়ে সার্থক হয়েছে বলে তোমার মনে হয়? নিজের বক্তব্য প্রতিষ্ঠা করো।

★ ★ ★